কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের দলিল (এসআরএফকিউ)

[অভ্যন্তরীণ ক্রয়]

# "উপকেন্দ্রের ফেন্সিং এর চারিদিকে মাটি ভরাট করণ"

ISO 9001:2015 Certified

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল, ঝিনাইদহ।

কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিলের ব্যবহার নির্দেশিকা

১. কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিল (এসআরএফকিউ) ব্যবহার করে স্বল্পমূল্যের সাধারণ ও সহজলভ্য পণ্য, ইতোমধ্যে প্রস্তুত সেলফে মজুদকৃত পণ্য এবং সংশ্লিষ্ট সেবাক্রয়ের জন্য কোটেশনের দলিল প্রস্তুতিতে ক্রয়কারীকে সহায়তা প্রদানের জন্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কর্তৃক এ নির্দেশনাবলী প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬-এর সম্পূরক হিসেবে প্রণীত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর প্রতি মনোযোগ আকর্ষন করা হলো, যা সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর ওয়েবসাইট (website: http://www.cptu.gov.bd)-এ প্রাপ্তিসাধ্য করা হয়েছে। ক্রয়কারী এবং কোটেশনদাতা উভয়ের জন্য এই নির্দেশনাবলী অনুসরণীয় হবে।

২. কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) (RFQM) অধীনে ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৩২ এর সংস্থান অনুযায়ী জারিকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ থেকে ৭৩-এর বিধানবলী অনুসরণ করতে হবে। কোটেশন প্রদানের আদর্শ অনুরোধজ্ঞাপনপত্র (এসআরএফকিউ) সর্বোত্তম জাতীয় চর্চার/অনুশীলনের উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে, যা ক্রয়ের সুনির্দিষ্ট চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

৩. ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৬৯(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীনে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য একজন কোটেশনদাতা (সরবরাহকারী) নির্বাচনের ক্ষেত্রে কোটেশন প্রদানের আদর্শ অনুরোধজ্ঞাপন দলিল (এসআরএফকিউ) (পিজি ১) ব্যবহার করবে।

৪. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(১) এবং ৭১(২) অনুসারে চিঠি, ফ্যাক্স এবং ইলেকট্রনিক মেইলের মাধ্যমে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) আহবান করতে হবে। কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) পত্র আহ্বানে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হবে না, কিন্তু ন্যূনতম প্রচারের জন্য ক্রয়কারী বিজ্ঞাপন তার নোটিশ বোর্ডে টাঙানোসহ ওয়েবসাইটে (যদি থাকে) প্রকাশ করবে এবং প্রচারের জন্য অনুরোধ করে কাছাকাছি অন্যান্য ক্রয়কারী সংস্থার প্রশাসনিক বিভাগের নিকট পাঠাবে।

৫. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন দলিল (আরএফকিউ) সম্ভাব্য কোটেশনদাতাদের বিনামূল্যে প্রদান বা প্রাপ্তিসাধ্য করতে হবে।

৬. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুযায়ী কোটেশন আহবানের তারিখ হইতে দাখিলের সময়সীমা অনধিক ১০ (দশ) দিনের বেশি হবে না।

৭. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ বিধি ৭০(৬) অনুসারে কোনো কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হবে না।

৮. কোটেশন দাখিল, উন্মুক্তকরণ এবং মূল্যায়ন যথাক্রমে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৭২(১), বিধি ৭২(২) এবং বিধি ৭৩(১) অনুসারে করতে হবে, যা কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্রে (আরএফকিউ) সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে ।

৯. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০(৪) অনুসারে মূল্যায়নের নির্ণায়কসমূহ কোটেশন জ্ঞাপনের দলিলে অন্তর্ভুক্ত থাকবে।

চলমান পাতা-০২

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ
ফোনঃ ০২৪৭৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com,
ওয়েবসাইটঃ www.pbs.jhenaidah.gov.bd

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০৯.০২৭.২৪.২০৫ তারিখঃ ১৬ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে "উপকেন্দ্রের ফেন্সিং এর চারিদিকে মাটি ভরাট করণ" কাজের দরপত্র আহবান প্রসঙ্গে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও শর্ত অনুযায়ী কালীগঞ্জ-১ (পাতবিলা) উপকেন্দ্রের ফেন্সিং এর চারিদিকে মাটি ভরাট করণ কাজের জন্য বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

| Tender no | SL No. | Description | Unit | Location | Length | Width | Height/ Depth | Area/ Volume | No of Item | Qty of Works (Sub Total) | Total Qty of Works | Unit Rate (Taka) | Amount (Taka) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) | (7) | (8) | (9) | (10) | (11) | (12) | (13) | (14) |
| Tender no: 20/2023-2024 | 1 | C&G (Clearing and Grubbing): The Network consists of cutting, removing and disposing of all materials such as trees, bushes, shrubs, stumps, roots, grass, weeds, rubbish and removal of topsoil and other organic material etc. all complete as per direction of Engineer in Charge. | sqm | Earth Filling work | | | | | 0.00 | 0.000 | 814.500 | | |
| | | | | West side | 41.000 | 9.000 | | 369.000 | 1.00 | 369.000 | | | |
| | | | | South side | 32.000 | 3.000 | | 96.000 | 1.00 | 96.000 | | | |
| | | | | East side | 57.000 | 4.000 | | 228.000 | 1.00 | 228.000 | | | |
| | | | | North side | 15.000 | 4.500 | | 67.500 | 1.00 | 67.500 | | | |
| | | | | App. Road Side | 18.000 | 1.500 | | 27.000 | 2.00 | 54.000 | | | |
| | 2 | EFW(DrS): Earth filling work in any type of embankment/pond/low lands with suitable dredged soil (sandy clay/silty clay/silt but excluding organic material), collected from silt-up river/canal bed by dredging with appropriate local dredger, including carrying through pipe or any other suitable means, loading, unloading and filling gradually at the right place of filling area in an artifical silt up manner at a suitable height and distance, including leveling, dressing and all necessary arrangements to fill-up soil and compacting to 95% of Maximum Dry Density (MDD) at Optimum Moisture Content (OMC) with reference to laboratory density test AASHTO modified hammer with suitable equipment dressing etc. complete in all respect as per direction of the Engineer-in-charge. Rate is inclusive of cost of all materials, their carriages, hire charges of dredger and all other machines, equipment for filling soil as per specification, fuels, lubricants, wages of operational staff and all incidental charges in this connection, etc. Location of river bed from where earth will be collected and quality of borrow soid must have prior approval from the Engineer-in-charge. In no circumstances, earth shall be borrowed from agricultural/homestead land. The borrow earth have to be collected from river bed by avoiding any detrimental impact on the river channel. Payment will be made on compacted volume. Distance 1.0km to 2.0km | cum | Earth Filling work | | | | | 0.00 | 0.000 | 534.750 | | |
| | | | | West side | 41.000 | 9.000 | 0.600 | 221.400 | 1.00 | 221.400 | | | |
| | | | | South side | 32.000 | 3.000 | 0.750 | 72.000 | 1.00 | 72000 | | | |
| | | | | East side | 57.000 | 4.000 | 0.650 | 148.200 | 1.00 | 148.200 | | | |
| | | | | North side | 15.000 | 4.500 | 0.700 | 47.250 | 1.00 | 47.250 | | | |
| | | | | App. Road Side | 18.000 | 1.500 | 0.850 | 22.950 | 2.00 | 45.900 | | | |
| | 3 | Creating rurf on the side sloopes and top of embankment with good Quality turf not less than 225 mm squarew chunk, watering till the grass grown including all leads and lifts etc. Complete and accepted by the Engeneer-in-charge. | sqm | Earth Filling work | | | | | 0.00 | 0.000 | 814.500 | | |
| | | | | West side | 41.000 | 9.000 | | 369.000 | 1.00 | 369.000 | | | |
| | | | | South side | 32.000 | 3.000 | | 96.000 | 1.00 | 96.000 | | | |
| | | | | East side | 57.000 | 4.000 | | 228.000 | 1.00 | 228.000 | | | |
| | | | | North side | 15.000 | 4.500 | | 67.500 | 1.00 | 67.500 | | | |
| | | | | App. Road Side | 18.000 | 1.500 | | 27.000 | 2.00 | 54.000 | | | |
| In-Words: | | | | | | | | | | | | Total Scheme Amount= | |

**শর্তাবলীঃ**

০১) দরপত্র সমূহ আগামী **০৬/০২/২০২৪ খ্রিঃ** তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ একই দিন অর্থাৎ **০৬/০২/২০২৪ খ্রিঃ** তারিখ সকাল ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরন নম্বর (TIN), ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩) **দরদাতাকে অবশ্যই দরপত্র দলিল (এসআর এফকিউ) এর নির্ধারিত ফরমেটে মালামাল (আংশিক গ্রহণযোগ্য নহে) এবং সকল স্থান যথাযথভাবে পূরণ ও সীল-স্বাক্ষর করত: দরপত্র দাখিল করতে হবে। নতুবা নন-রেসপনসিভ হিসেবে বিবেচিত হবে।**

০৪) খামের উপর "উপকেন্দ্রের ফেন্সিং এর চারিদিকে মাটি ভরাট কাজের দরপত্র" শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।

০৫) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। **দরপত্র দলিলের প্রতিটি বিষয়/স্থান দরদাতা কর্তৃক অবশ্যই যথাযথভাবে পুরন করতে হবে। নতুবা দরপত্র দলিলের শর্তানুযায়ী দাখিলকৃত দরপত্র ননরেসপনসিভ হিসেবে বিবেচিত হবে।**

০৬) মাটি ভরাট এর পূর্বে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রতিনিধির উপস্থিতিতে কাজ শুরু করতে হবে।

০৭) মাটি ভরাট কাজ অবশ্যই নির্ধারিত মান অনুযায়ী সম্পাদন করতে হবে। মাটি ভরাট কাজের সঠিক নমুনা/বিবরণ সমিতি কর্তৃপক্ষের নিকট হতে জেনে/দেখে দর উদ্ধৃত করা যেতে পারে। যদি কোন দরদাতা নমুনা না দেখে/কাজের বিবরণ না জেনে দর দাখিল করেন সেক্ষেত্রে সংশ্লিষ্ট দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হলে সমিতির দেখানো নমুনা/নির্দেশিকা অনুযায়ী কাজ সম্পন্ন করতে বাধ্য থাকবেন।

০৮) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মাটি বরাট কাজ সম্পাদনের পর সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।

০৯) মাটি ভরাট কাজ সম্পাদনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১০) কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ও নিজ খরচে কালীগঞ্জ-১ (পাতবিলা) উপকেন্দ্রের ফেন্সিং এর চারিদিকে মাটি ভরাট কাজ সম্পন্ন করতে হবে।

১১) যথাসময়ে কাজ সম্পাদন করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১২) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

১৩) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৪) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তিটি ঝিনাইদহ পবিসের ওয়েব সাইটে pbs.jhenaidah.gov.bd দেখতে পারবেন।

(প্রকৌঃ মোঃ ইমদাদুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
০৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (**বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)।
০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ঝিনাইদহ।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, ঝিনাইদহ।
১০) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
১১) ডিজিএম, মহেশপুর/শৈলকুপা/কালীগঞ্জ/ হরিণাকুন্ডু/ সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
১২) এজিএম (ওএন্ডএম) কোটচাঁদপুর/ হাটফাজিলপুর/বারবাজার সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
১৩) এজিএম (ইএন্ডসি/অর্থ), ঝিনাইদহ পবিস।
১৪) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস (**বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ**)।
১৫) মেসার্স------------------------------------।
১৬) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
১৭) দাপ্তরিক নথি।

(প্রকৌঃ মোঃ ইমদাদুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

চলমান পাতা-০৫

স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০৯.০২৭.২৪. ৫০৫ তারিখঃ ৩০/০১/২০২৪ খ্রিঃ।

কোটেশন দাখিল পত্র

(প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন)

প্রতি,
জেনারেল ম্যানেজার
ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য সরবরাহের শর্তাবলী অনুসারে "কালীগঞ্জ-১ (পাতবিলা) উপকেন্দ্রের ফেন্সিং এর চারিদিকে মাটি ভরাট কাজের" জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য ----------------------------------টাকা, (কথায় --------------------------------------- ------------------------------------------------------------------------------------)

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশ এবং এর মাধ্যমে চুক্তি সম্পাদিত হলে তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা -------/০১/২০২৪খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখঃ

স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০৯.০২৭.২৪. ৫০৫ তারিখঃ ৩০/০১/২০২৪ খ্রিঃ।

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

| ক্র: নং | কাজের বিবরণ | একক | পরিমান | একক দর/ মূল্য: অংকে | একক দর/ মূল্য: কথায় | মোট মূল্য অংকে/কথায় | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| 1 | C&G (Clearing and Grubbing): The Network consists of cutting, removing and disposing of all materials such as trees, bushes, shrubs, stumps, roots, grass, weeds, rubbish and removal of topsoil and other organic material etc. all complete as per direction of Engineer in Charge | sqm | 814.500 | | | | ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির কালীগঞ্জ-১ (পাতবিলা) উপকেন্দ্র। |
| 2 | EFW(DrS): Earth filling work in any type of embankment/pond/low lands with suitable dredged soil (sandy clay/silty clay/silt but excluding organic material), collected from silt-up river/canal bed by dredging with appropriate local dredger, including carrying through pipe or any other suitable means, loading, unloading and filling graduallyat the right place of filling area in an artifical silt up manner at a suitalbe height and distance, including leaveling, dressing and all necessary arrangements to fill-up soil and compacting to 95% of Maximum Dry Density (MDD) at Optimum Moisture Content (OMC) with reference to laboratory density test AASHTO modifled hammer with suitable equipment dressing etc. complete in all respect as per direction of the Engineer-in-charge. Rate is inclusive of cost of all materials,their carriages, hire charges of dredger and all other machines, equipment for filling soil as per specification, fuels, lubricants, wages of operational staff and all incidental charges in this connection, etc. Location of river bed from where earth will be collected and quality of borrow soid must have prior approval from the Engineer-in-charge.In no circumstances, earth shall be borrowed from agricultural/homestead land. The borrow earth have to be collected from river bed by avoiding any detrimental impact on the river channel. Payment will be made on compacted volume. Distance 1.0km to 2.0km | cum | 534.750 | | | | |
| 3 | Creating rurf on the side sloopes and top of embankment with good Quality turf not less than 225 mm squarew chunk, watering till the grass grown including all leads and lifts etc. Complete and accepted by the Engeneer-in-charge. | sqm | 814.500 | | | | |

| | | |
|---|---|---|
| সরবরাহকৃত পণ্যের মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সব ধরনের ট্যাক্সসহ নিম্নোক্ত ২ নং নোট দেখুন) | অংকে | |
| | কথায় | |
| পত্র প্রেরণের ঠিকানা | ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ। | |
| মোট মূল্য টাকায় (কথায়) | | |
| প্রস্তাবিত সরবরাহ (সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন, ক্রয় আদেশ জারির তারিখ থেকে) | | |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) ( পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন) | | |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব..................(দিন/মাস/বছর) সময় পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
|---|---|
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ৫,৬ ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২.যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

চলমান পাতা-০৭

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | কাজের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| 1 | | C&G (Clearing and Grubbing): The Network consists of cutting, removing and disposing of all materials such as trees, bushes, shrubs, stumps, roots, grass, weeds, rubbish and removal of topsoil and other organic material etc. all complete as per direction of Engineer in Charge | | | |
| 2 | | EFW(DrS): Earth filling work in any type of embankment/pond/low lands with suitable dredged soil (sandy clay/silty clay/silt but excluding organic material), collected from silt-up river/canal bed by dredging with appropriate local dredger, including carrying through pipe or any other suitable means, loading, unloading and filling graduallyat the right place of filling area in an artifical silt up manner at a suitalbe height and distance, including leveling, dressing and all necessary arrangements to fill-up soil and compacting to 95% of Maximum Dry Density (MDD) at Optimum Moisture Content (OMC) with reference to laboratory density test AASHTO modifled hammer with suitable equipment dressing etc. complete in all respect as per direction of the Engineer-in-charge. Rate is inclusive of cost of all materials,their carriages, hire charges of dredger and all other machines, equipment for filling soil as per specification, fuels, lubricants, wages of operational staff and all incidental charges in this connection, etc. Location of river bed from where earth will be collected and quality of borrow soid must have prior approval from the Engineer-in-charge.In no circumstances, earth shall be borrowed from agricultural/homestead land. The borrow earth have to be collected from river bed by avoiding any detrimental impact on the river channel. Payment will be made on compacted volume.<br>Distance 1.0km to 2.0km | | | |
| 3 | | Creating rurf on the side sloopes and top of embankment with good Quality turf not less than 225 mm squarew chunk, watering till the grass grown including all leads and lifts etc. Complete and accepted by the Engeneer-in-charge. | | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
|---|---|
| কোটেশনদাতার নাম | |

(সীল: ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ)



ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ।

"কালীগঞ্জ-১ (পাতবিলা) উপকেন্দ্রের ফেন্সিং এর চারিদিকে মাটি ভরাট কাজের" ক্রয় আদেশ

ক্রয় আদেশ নম্বর: তারিখ:দিন/মাস/বছর

| | |
|---|---|
| কোটেশন নম্বর:..................... | তারিখ : দিন/মাস/বছর |
| প্রতি:<br>(সরবরাহকারীর নাম ও ঠিকানা) | |
| সরবরাহের তারিখ: | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: ..................টাকা (চুক্তি মূল্য) |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ....... তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্যের অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি। আবশ্যকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি। শর্তাবলীর সত্যায়িত অনুলিপি। |
| ক্রেতার জন্যঃ<br>জেনারেল ম্যানেজার<br>ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি। |
| তারিখঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. 'চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১৫ (পনের) দিবসের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে মালামাল সরবরাহ ও কাজ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য........................................................................... টাকা।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০৬ (ছয়) মাস।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

চলমান পাতা-১০

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়্যারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:
ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।
খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।
গ. চুক্তির অধীনে অন্য কোন রাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের রিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্যঃ<br>জেনারেল ম্যানেজার<br>ঝিনাইদহ পবিস। | সরবরাহকারীর জন্যঃ<br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখঃ | তারিখঃ |